আজকের কাগজ

তারিখ ...18 APR 1994 ...
পৃষ্ঠা ৭ কলাম ...

# আজ থেকে সারাদেশে বেসরকারি স্কুল কলেজ শিক্ষকদের অবিরাম ধর্মঘট শুরু

**অঞ্জন রায় :** আজ থেকে সারাদেশে বেসরকারি স্কুল-কলেজ শিক্ষকদের অবিরাম ধর্মঘট শুরু হচ্ছে। বেসরকারি স্কুল-কলেজ শিক্ষকদের সংগ্রামের অবস্থা শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি চার দফা দাবি আদায়ের লক্ষ্যে ধর্মঘটের ডাক দিয়েছে।

গত ১২ এপ্রিল ঢাকায় এক মহাসমাবেশ থেকে ধর্মঘটের ডাক দিয়ে সরকারকে ১৭ এপ্রিল পর্যন্ত দাবি মানার সময় সীমা নির্ধারণ করে দেয়া হয়। কিন্তু সরকার শিক্ষকদের নির্ধারিত ১৭ এপ্রিলের মধ্যে দাবি মানেননি।

অন্যদিকে বাংলাদেশ শিক্ষক সমিতি (আশরাফ-নজরুল) মাদ্রাসা শিক্ষক সমিতি এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারি ফেডারেশনের ১৫ সদস্যের একটি প্রতিনিধি দল শিক্ষামন্ত্রী জমিরউদ্দীনের সঙ্গে সাক্ষাত করে ধর্মঘটের বিরোধিতা করেছেন। তারা বলেছেন শিক্ষার বৃহত্তর স্বার্থে আলাপ-আলোচনার মাধ্যমে তারা সমস্যার সমাধান চান। এজন্য তারা ২৮ এপ্রিল পর্যন্ত অপেক্ষা করতে চান।

এ ব্যাপারে লিয়াজোঁ কমিটির নেতাদের সঙ্গে যোগাযোগ করা হলে তারা বলেন, লিয়াজোঁ কমিটির আন্দোলনের কর্মসূচিতে ভীত সন্ত্রস্ত হয়ে সরকার বিভ্রান্তির সৃষ্টির পথ বেছে নিয়েছেন।

দেশের ৯৫ ভাগ শিক্ষক আজ থেকে ধর্মঘটে যাচ্ছেন বলে লিয়াজোঁ কমিটির নেতারা জানিয়েছেন। এ সংখ্যা দু'লক্ষাধিক। তারা আরো জানান, দেশের ৬টি প্রধান শিক্ষক সংগঠনের সমন্বয়ে লিয়াজোঁ কমিটি গড়ে উঠেছে। পূর্ণ বেতন স্কেল, বাস্তবায়ন, সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বেতন বৈষম্যসহ অন্য দাবিগুলো মেনে না নেয়া পর্যন্ত কোনো আপস রফার সম্ভাবনা নেই। উল্লেখ্য, এ সব দাবিগুলো নিয়ে শিক্ষকরা '৯২ সালের ১৮ জানুয়ারি থেকে ২১ ফেব্রুয়ারি পর্যন্ত ধর্মঘট করেছিলেন।

প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতিতে তারা সে সময় তাদের ধর্মঘট প্রত্যাহার করলেও ২৬ মাস চলে গেছে কিন্তু কোনো প্রতিশ্রুতি বাস্তবায়িত হয়নি। তাই তারা আজ থেকে আবারো অনির্দিষ্টকালের জন্যে ধর্মঘটে যাচ্ছেন।